রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১২, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়
শাখা-১০

প্রজ্ঞাপন

তারিখ, ২৭শে আষাঢ়, ১৪০১/১১ই জুলাই, ১৯৯৪

এস, আর, ও নং ২৩৭-আইন/৯৪-শ্রওজ-১০/মজুরী-৬/৯৪—Minimum wages Ordinance, 1961 (XXXIX of 1961) এর section ৫(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঘোষণা করিতেছে যে, "ট্যানারী ইণ্ডাষ্ট্রি" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের নিম্নতম মজুরীর হার নির্ধারণের উদ্দেশ্যে উক্ত Ordinance, এর Section 3 এর অধীনে গঠিত নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক একই Ordinance এর section 5 এর বিধান মোতাবেক সুপারিশকৃত এবং নিম্ন তফসিলে বর্ণিত মজুরীর হারসমূহ উক্ত শ্রমিকদের নিম্নতম মজুরীর হার হইবে।

## তফসিল

### "ক" পরিচ্ছেদ

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | | মূল মজুরী | বাড়ীভাড়া ভাতা (মূল মজুরীর ৩০%) | চিকিৎসা ভাতা | সর্বমোট |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | টাকা | টাকা | টাকা | টাকা |
| | গ্রেড-১ : | ১৪৫০ | ৭২৫ | ১৫০ | ২৩২৫ |
| ১। | সিলেক্টর বা স্কীন সিলেক্টর/হ্যাণ্ড মেজারার | | | | |
| ২। | মিস্ত্রী (বৈদ্যুতিক ও মেশিন মেরামত) | | | | |



মূল্য : টাকা ২·০০

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| | | টাকা | টাকা | টাকা | টাকা |
| ৩। | হ্যান্ড ফ্লেশারম্যান (গরুর চামড়া) | | | | |
| ৪। | শেভার (১২"—১৮") মেকানিক্যাল | | | | |
| ৫। | লেদম্যান | | | | |
| ৬। | ইলেকট্রিশিয়ান | | | | |
| ৭। | ফিটার মিস্ত্রী | | | | |
| ৮। | বয়লার অপারেটর | | | | |
| | গ্রেড-২ : | ১১৯০ | ৫৯৫ | ১৫০ | ১৯৩৫ |
| ১। | মেশিন ফ্লেশারম্যান | | | | |
| ২। | হ্যান্ড ফ্লেশারম্যান (ছাগল ও মহিষের চামড়া) | | | | |
| ৩। | স্প্লিটিং মেশিনম্যান | | | | |
| ৪। | শেভিং মেশিনম্যান | | | | |
| ৫। | ড্রাই শেভিং মেশিনম্যান | | | | |
| ৬। | কাঠমিস্ত্রী | | | | |
| ৭। | জেনারেটর অপারেটর | | | | |
| ৮। | বাফিং মেশিনম্যান (ছোট) | | | | |
| ৯। | ওয়েল্ডার | | | | |
| | গ্রেড-৩ : | ৯৫০ | ৪৭৫ | ১৫০ | ১৫৭৫ |
| ১। | রোলার মেশিনম্যান | | | | |
| ২। | সেটারম্যান (হ্যাণ্ড) | | | | |
| ৩। | সোলপিটম্যান | | | | |
| ৪। | স্কাডিংম্যান | | | | |
| ৫। | হাইড্রোলিক প্রেসারম্যান | | | | |
| ৬। | সেমিং মেশিনম্যান (রোটারী) | | | | |
| ৭। | পলিশিং মেশিনম্যান | | | | |
| ৮। | ঠোকাইম্যান/টগলম্যান | | | | |
| ৯। | ড্রামম্যান | | | | |
| ১০। | পোলিশম্যান | | | | |
| ১১। | ড্রেসিংম্যান | | | | |
| ১২। | প্লেজিং মেশিনম্যান | | | | |
| ১৩ | মেজারিং মেশিনম্যান (মেকানিক্যাল) | | | | |
| ১৪। | বাফিং মেশিনম্যান | | | | |
| ১৫। | ট্যাকারম্যান (অ-ট্যাকার) | | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| | | টাকা | টাকা | টাকা | টাকা |
| ১৬। | সোটিং মেশিনম্যান | | | | |
| ১৭। | ট্রিমিংম্যান/ছাটাকাটা | | | | |
| ১৮। | ভ্যাকুয়ামড্রায়ার | | | | |
| ১৯। | আইরনিং মেশিনম্যান | | | | |
| ২০। | আনহেয়ারারম্যান | | | | |
| ২১। | রোলার কোটারম্যান | | | | |
| ২২। | ফিনিফ্লেক্স মেশিনম্যান | | | | |
| ২৩। | প্রিন্টিং মেশিনম্যান সহকারী | | | | |
| ২৪। | শেভিং সহকারী | | | | |
| ২৫। | লিফটম্যান | | | | |
| ২৬। | সিলেকটর সহকারী | | | | |
| ২৭। | বয়লার সহকারী | | | | |
| ২৮। | হ্যাণ্ড স্প্রে | | | | |
| ২৯। | ফ্লেশিং সহকারী | | | | |
| ৩০। | রোটারী ষ্ট্যাকিং | | | | |
| | গ্রেড-৪ : | ৯০০ | ৪৫০ | ১৫০ | ১৫০০ |
| ১। | বাইব্রেটিং ষ্ট্যাকিংম্যান | | | | |
| ২। | টানেল ড্রায়ার | | | | |
| ৩। | অটোস্প্রে | | | | |
| ৪। | থ্রোফিড আইরনিং | | | | |
| ৫। | মেজারিং মেশিনম্যান (অটো) | | | | |
| ৬। | থ্রোফিড সেমিং মেশিনম্যান | | | | |
| ৭। | বাফিং মেশিনম্যান সহকারী | | | | |
| ৮। | সেটিং সহকারী | | | | |
| ৯। | প্যাকিংম্যান | | | | |
| ১০। | প্যাডেলম্যান | | | | |
| ১১। | হাইড্রোলিক সহকারী | | | | |
| ১২। | অটো প্রেসম্যান | | | | |
| | গ্রেড-৫ : | ৮৬০ | ৪৩০ | ১৫০ | ১৪৪০ |

উল্লেখিত শ্রমিক ছাড়া অদক্ষ সাধারন/অন্যান্য শ্রমিক।

| কর্মচারী পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | | মূল মজুরী | বাড়ীভাড়া ভাতা (মূল মজুরীর ৫০%) | চিকিৎসা ভাতা | সর্বমোট |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | টাকা | টাকা | টাকা | টাকা |
| | গ্রেড-১ : | ১৪৫০ | ৭২৫ | ১৫০ | ২৩২৫ |
| ১। | হিসাব সহকারী | | | | |
| ২। | উচ্চমান সহকারী | | | | |
| | গ্রেড-২ : | ১১৯০ | ৫৯৫ | ১৫০ | ১৯৩৫ |
| ১। | ষ্টোর কিপার | | | | |
| ২। | টাইপিষ্ট | | | | |
| ৩। | টেলিফোন অপারেটর | | | | |
| ৪। | ড্রাইভার | | | | |
| | গ্রেড-৩ : | ৯০০ | ৪৫০ | ১৫০ | ১৫০০ |
| ১। | পিয়ন | | | | |
| ২। | দারোয়ান | | | | |
| ৩। | নাইটগার্ড | | | | |
| ৪। | মালি | | | | |
| ৫। | সুইপার/ক্লিনার | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোল্লা গোলাম সারওয়ার

উপ-সচিব (শ্রম)।

এতদসংগে মজুরী বোর্ডের সুপারিশ হুবহু প্রকাশ করা হইল।

---

বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

ট্যানারী ইণ্ডাষ্ট্রি

সুপারিশ, ১৯৯৪

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশ (অধ্যাদেশ নং ৩৯) এর ৫(১) ধারার বিধান অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ২১শে এপ্রিল, ১৯৯৩ তারিখে জারীকৃত এস, আর, ও নং ৭৫/আইন-৯৩/শ্রমওজ-১০/মজুরী-৯/৯২ প্রজ্ঞাপন দ্বারা ট্যানারী ইণ্ডাষ্ট্রিতে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী নির্ধারণের জন্য অত্র বোর্ডকে নির্দেশ দেওয়া হয় এবং উক্ত ইণ্ডাষ্ট্রিতে প্রতিনিধিত্ব করার জন্য একই প্রজ্ঞাপন দ্বারা মালিক ও শ্রমিক পক্ষের সদস্য নিয়োগ করা হয়।

অতঃপর বোর্ড বেশ কয়েকটি বৈঠকে মিলিত হন এবং দেশের বিভিন্ন স্থানে অবস্থিত বেশ কিছু ট্যানারী ইণ্ডাষ্ট্রিতে প্রশ্নপত্র প্রেরণের মাধ্যমে তথ্যাদি সংগ্রহ করেন এবং বেশ কিছু ট্যানারী ইণ্ডাষ্ট্রি পরিদর্শন করিয়া শ্রমিকদের কর্মাবস্থা, মজুরী রেজিষ্টার, মালিকের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা এবং শ্রমিকদের জীবিকা নির্বাহের ব্যয় সমেত আরও কতিপয় বিষয় পর্যবেক্ষণক্রমে খসড়া সুপারিশ প্রণয়ন করেন এবং নিম্নতম মজুরী বিধিমালার ১৫(১) বিধি মোতাবেক খসড়া সুপারিশ সংশ্লিষ্ট মালিক শ্রমিকসহ সাধারণের অবগতির জন্য বাংলাদেশ গেজেটের মারফত প্রচার করেন। উক্ত খসড়া সুপারিশের উপর ১৯৬১ সনের নিম্নতম মজুরী বিধিমালার ১৫(২) বিধি মোতাবেক মালিক ও শ্রমিক পক্ষ হইতে প্রাপ্ত আপত্তি/প্রস্তাব পর্যালোচনা করিয়া উহা গ্রহণযোগ্য নয় বলিয়া উপস্থিত ৪ জন সদস্যের মধ্যে সংশ্লিষ্ট মালিক পক্ষের সদস্য জনাব রেজাউল করিম আনসারী ছাড়া অপর ৩ জন সদস্য ঐকমত্যে পৌঁছিয়া ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেন। জনাব রেজাউল করিম আনসারী উক্ত সুপারিশে দ্বিমত পোষণ করিয়া স্বাক্ষর দানে বিরত থাকেন। সভায় উপস্থিত অপর ৩ জন সদস্য ঐক্যমতের ভিত্তিতে সুপারিশে স্বাক্ষর দান করেন।

১। বাংলাদেশে অবস্থিত ট্যানারী ইণ্ডাষ্ট্রিতে নিয়োজিত শ্রমিকদের বিভিন্ন পদবী, কাজের ধারা ও প্রকৃতি, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা ও পারিপার্শ্বিক অবস্থা ইত্যাদি বিবেচনাক্রমে (১) গ্রেড-১, (২) গ্রেড-২, (৩) গ্রেড-৩, (৪) গ্রেড-৪ ও (৫) গ্রেড-৫ এই ৫ শ্রেণীতে এবং কর্মচারীদের (১) গ্রেড-১, (২) গ্রেড-২ ও (৩) গ্রেড-৩ এই ৩ শ্রেণীতে পদবিন্যাস করা হয় যাহা অত্র সাথে সংযোজিত পরিচ্ছেদ "ক" এ বলা হইয়াছে।

২। এই সুপারিশ ঘোষণার পর হইতে উক্ত ইণ্ডাষ্ট্রির মালিক "ক" পরিচ্ছেদে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকদিগকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিষ্টারভুক্ত করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিবেন।

৩। যদি কোন ইণ্ডাষ্ট্রিতে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী-প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং নিয়োগকারী ঠিকাদার মালিকের ন্যায় একই ব্যবস্থা গ্রহণ করিবেন।

৪। "ক" পরিচ্ছেদে উল্লেখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে অর্থাৎ প্রদেয় মজুরী উক্ত মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিক পক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৫। যদি কোন ইণ্ডাষ্ট্রির মালিক শ্রমিকদিগকে ফুরনভিত্তিক মজুরী দিয়া থাকেন তবে তাঁহাকে এই সুপারিশ মোতাবেক তাঁহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাঁহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

৬। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী ছাড়া শ্রমিকগণ অন্যান্য যে সব সুযোগ-সুবিধা পাইয়া থাকেন তাহা বলবৎ থাকিবে।

৭। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী মাসিক মজুরী হিসাবে গণ্য হইবে এবং কার্যকাল দেশের প্রচলিত/প্রযোজ্য শ্রম আইন দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

এ, এস, এন, হেদায়েত হোসেন
চেয়ারম্যান,
নিম্নতম মজুরী বোর্ড।

অধ্যাপক মমতাজ উদ্দিন আহ
নিরপেক্ষ সদস্য।

মনোয়ার উদ্দিন আহাম্মদ
মালিকপক্ষের সদস্য।

আবুল কালাম আজাদ
শ্রমিক পক্ষের সদস্য।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আজলুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।